গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
পর্যটন সেল
www.coxsbazar.gov.bd

স্মারক নম্বর ০৫.২০.২২০০.০০০.১১১.১৮.০০০৮.২৬.২৫৪

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

বিষয় : 'জরুরি ঘোষণা'টি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত 'জরুরি ঘোষণা' বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকার ভেতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক)টি সংখ্যায় ১দিন জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

## 'জরুরি ঘোষণা'

কক্সবাজার সমুদ্র সৈকতের সাময়িক কার্ডধারী ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রীম কোর্টের রিট পিটিশন নম্বর-৬২৬/২০১১ এর আদেশ ও কার্ডের শর্ত লঙ্ঘন করে ব্যবসা পরিচালনা করায় পরিবেশ অধিদপ্তর, ঢাকা ২৩.০৯.২০২৫ তারিখের ১১৪ নং পত্র এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৩৪৪ নং পত্র অনুযায়ী কক্সবাজার সমুদ্র সৈকতের বালিয়াড়িতে অবৈধভাবে স্থাপনা নির্মাণ করে ব্যবসা পরিচালনাকারী সকল সাময়িক কার্ড বাতিল করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। তৎপ্রেক্ষিতে কক্সবাজার সমুদ্র সৈকতের কোনো স্থানে নতুন করে আর কোনো সাময়িক কার্ড ইস্যু করা হবে না এবং ইস্যুকৃত সাময়িক কার্ডের মেয়াদ ৩০ জুন ২০২৬ তারিখ শেষ হওয়ার পর, ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য পুনঃনবায়ন করা হবে না মর্মে বিচ ম্যানেজমেন্ট কমিটি, কক্সবাজার কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে; যা বিগত ০১ জুন ২০২৬ তারিখ ২০৭ নং পত্রমূলে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে।

৩। এমতাবস্থায়, সমুদ্র সৈকতের সকল সাময়িক কার্ডধারী ব্যবসায়ীকে নিজ দায়িত্বে দোকান ও অন্যান্য সকল স্থাপনা সরিয়ে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে দোকানসহ অন্যান্য স্থাপনাসমূহ সরিয়ে না নিলে, আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে উচ্ছেদসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বিষয়টি অতীব জরুরী।

আদেশক্রমে
বিচ ম্যানেজমেন্ট কমিটি
কক্সবাজার

এমতাবস্থায়, বিজ্ঞপ্তিটি প্রকাশপূর্বক প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

Sayem 01.07.'26

মো: মাহমুদুর রহমান সায়েম
সহকারী কমিশনার
পর্যটন সেল
ফোন নম্বর: ০১৭৩৩-৩৭৩১২৭
e-mail: acparjatancox@gmail.com

সম্পাদক
..................................................................
..................................................................

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.০০০.১১১.১৮.০০০৮.২৬.২৫৪

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার;
২। জেলা তথ্য অফিসার কক্সবাজার (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩। সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪। সহকারী কমিশনার, গোপনীয়, জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫। সদস্য-সচিব, বিচ ম্যানেজমেন্ট কমিটি ও ম্যানেজার, পর্যটন কর্পোরেশন হোটেল শৈবাল, কক্সবাজার;
৬। অফিস কপি।

Sayem 01.7.'26

সহকারী কমিশনার
পর্যটন সেল

CamScanner